



জগন্নাথ বিশ্ববিদ্যালয়  
Jagannath University



## জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের প্রকাশিত নতুন তিনটি বইয়ের মোড়ক উন্মোচন অনুষ্ঠিত



৫ ফেব্রুয়ারি ২০২৪-সোমবার বাংলা একাডেমির প্রাঙ্গণে জগন্নাথ বিশ্ববিদ্যালয় স্টলে (স্টল নং: ৮১১-৮১২) বইগুলোর মোড়ক উন্মোচন করেন উপাচার্য অধ্যাপক ড. সাদেকা হালিম।

এসময় জনসংযোগ, তথ্য ও প্রকাশনা দপ্তরের পরিচালক ও প্রকাশনা মুদ্রণ কমিটির আহ্বায়ক অধ্যাপক ড. চঞ্চল কুমার বোস, বিভিন্ন অনুষদের ডিন, ইনস্টিটিউটের পরিচালক, বিভাগীয় চেয়ারম্যান, বিভিন্ন বিভাগের শিক্ষক-শিক্ষার্থী এবং কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন।

নতুন প্রকাশিত তিনটি বই হচ্ছে বিশ্ববিদ্যালয়ের রাষ্ট্রবিজ্ঞান বিভাগের ড. মোঃ নঈম আকতার সিদ্দিকের লেখা 'বাংলাদেশের স্থানীয় পর্যায়ের উন্নয়নে সংসদ সদস্যদের ভূমিকা', ইতিহাস বিভাগের সম্পাদিত গ্রন্থ 'বঙ্গবন্ধু শেখ মুজিব ও বাংলাদেশ' এবং ইসলামিক স্টাডিজ বিভাগের ড. মো. ইব্রাহীম খলিলের লেখা 'ভোলা জেলার মানতা সম্প্রদায়ের জীবন ও ধর্ম: সমীক্ষা'। তন্মধ্যে 'বঙ্গবন্ধু ও শেখ মুজিব' গ্রন্থটি সম্পাদনা করেছেন ইতিহাস বিভাগের তিন জন শিক্ষক।



জগন্নাথ বিশ্ববিদ্যালয়  
Jagannath University



উল্লেখ্য জগন্নাথ বিশ্ববিদ্যালয় ২০১৮ সাল থেকে ধারাবাহিকভাবে অমর একুশে বই মেলায় অংশগ্রহন করে আসছে এবং এপর্যন্ত বিশ্ববিদ্যালয়ের জনসংযোগ, তথ্য ও প্রকাশনা দপ্তর থেকে মোট ২৭টি বই প্রকাশিত হয়েছে।